স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার ৪: কোর্স ১

বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। ভারতীয় লিপিরূপ বিবর্তনের বিভিন্ন স্তর আলোচনা করো। ১০

২। বাংলা পুথিসংগ্রহের ইতিহাসে বিশ্বভারতীর অবদান লেখো। ১০

৩। পুথি সংরক্ষণের আধুনিক পদ্ধতি বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০

একক ২

৪। পুথি রচনার উপকরণ বিষয়ে আলোচনা করো। ১০

৫। বাংলা পুথির পুষ্পিকায় কীভাবে কাল নির্দেশ করা হয়েছে, উদাহরণসহ তা পর্যালোচনা করো। ১০

৬। সপ্তদশ বা অষ্টাদশ শতাব্দীর যে-কোনো একটি পুথির সম্পাদনা প্রসঙ্গে বাংলা পুথির সম্পাদনা পদ্ধতি বিষয়ে লেখো। ১০

একক ৩

৭। নাথ ধর্ম ও দর্শন সম্বন্ধে একটি নিবন্ধ লেখো। ১০

৮। গৌড়ীয় বৈষ্ণবধর্ম ও সহজিয়া বৈষ্ণবধর্মের সাদৃশ্য ও বৈসাদৃশ্য সংক্ষেপে আলোচনা করো। ১০

৯। শাক্ত ধর্ম সাধনার মূল কথাগুলি ব্যাখ্যা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২x৫=১০

(ক) ডেমোটিক লিপি কী?

(খ) খরোষ্ঠীর বহুল প্রচলন কোন অঞ্চলে খুঁজে পাওয়া যায়?

(গ) বাংলা পুথিতে কীভাবে বার গণনা করা হয়?

(ঘ) তোলাপাঠ কাকে বলে?

(ঙ) 'চত্বারি আর্যসত্যানি' কী কী?

(চ) 'রস' ও 'রতি'- এর অর্থ কী?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হলো

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক - ১

১। চর্যাপদে বাংলা ছন্দের বিভিন্ন লক্ষণ কীভাবে ফুটে উঠেছে দেখাও। ১০

২। উপযুক্ত দৃষ্টান্তসহ বৈষ্ণব পদাবলীর পঙ্‌ক্তি-বৈচিত্র্যের পরিচয় দাও। ১০

৩। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ছন্দ সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১০

## একক - ২

৪। মধ্যযুগের বাংলা সাহিত্য সম্বন্ধে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য বিস্তারিতভাবে আলোচনা করো। ১০

৫। মুকুন্দরাম চক্রবর্তীর সঙ্গে বাঙালি পাঠকের পরিচয় বলেন্দ্রনাথ কীভাবে করিয়ে দিয়েছেন? তাঁর প্রবন্ধ অবলম্বনে জানাও। ১০

৬। বৈষ্ণব সাহিত্য সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য বিশদ করো। ১০

## একক - ৩

৭। কাশীদাসী মহাভারতের 'আদি পর্ব' অবলম্বনে সত্যবতী চরিত্রের গুরুত্ব বিচার করো। ১০

৮। 'কাশীদাসী মহাভারত বাঙালির গার্হস্থ্য জীবনরসের কাব্য।' — এ বিষয়ে তোমার অভিমত দাও। ১০

৯। কাশীদাসী মহাভারতের 'সভাপর্ব'-এ দ্যূতক্রীড়ার যে বর্ণনা রয়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

১০। যে-কোনো পাঁচটি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ৫x২=১০

(ক) ভঙ্গপয়ার কী? একটি উদাহরণ দাও।

(খ) একটি দৃষ্টান্তসহ একাবলীর পরিচয় দাও।

(গ) 'বঙ্গসাহিত্য : রামপ্রসাদ' প্রবন্ধে উল্লিখিত রামপ্রসাদের যে-কোনো দুটি গানের প্রথম পঙ্‌ক্তি লেখো।

(ঙ) 'বাঙ্গলা সাহিত্যের দেবতা' প্রবন্ধে বলেন্দ্রনাথ কোন্ কোন্ দেবতার উল্লেখ করেছেন?

(চ) রাজা নলের ভ্রাতার নাম কী? নল তাঁর ভ্রাতার বিপক্ষে কতবার দ্যূতক্রীড়ায় অংশ নিয়েছিলেন?

(ছ) অকাল আম্রের বিবরণ কাশীদাসী মহাভারতের কোন্ পর্বে বিদ্যমান? এই বর্ণনার উদ্দেশ্য কী?

—

# স্নাতকোত্তর পরীক্ষা — ২০২৪

## বাংলা

**সেমেস্টার : ৪ কোর্স : ৩**

**বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণ মান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

### একক – ১

১। 'বিভিন্ন পর্যায়ে অভিসারের পদ রচনায় বিদ্যাপতির অসামান্য কৃতিত্ব প্রকাশিত হয়েছে।' — পাঠ্য পদ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

২। 'প্রার্থনা' পর্যায়ের পদে কবি বিদ্যাপতির জীবনের অভিজ্ঞতা কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ১০

৩। 'এ ঘোর রজনী মেঘের ঘটা
বন্ধু কেমনে আইলে বাটে।' — ছত্রদুটির আলোকে পদটির রসসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

### একক – ২

৪। 'কি মুখে চাহিব আজি বামন বদন।' — প্রসঙ্গ উল্লেখপূর্বক বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ১০

৫। 'ভাজ্যাএ ন ইচ্ছে শ্বামি কপাল তোহ্মার।' — এ কথা কে কাকে বলেছে? এই কথোপকথনের তাৎপর্য আলোচনা করো। ২+৮=১০

৬। 'যে দুঃখ মোহর পরে পড়িয়াছি ধাঞিং।
সে দুঃখ পড়ুক গিয়া সতিনীর ঠাঞিং।।' — ছত্রদুটির প্রেক্ষিতে বক্তার মনোভাব বিশ্লেষণ করো। ১০

### একক – ৩

৭। 'ধর্মমঙ্গল রাঢ়ের জাতীয় কাব্য।' — রূপরামের 'শ্রীধর্মমঙ্গল' কাব্য অনুসরণে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

৮। রূপরামের 'শ্রীধর্মমঙ্গল' কাব্য অবলম্বনে ধর্ম ঠাকুরের স্বরূপ বিশ্লেষণ করো। ১০

৯। 'ধর্মমঙ্গল কাব্যে নারী পুরোহিতের অসামান্য পরিচয় পাওয়া যায়।' — এই মন্তব্যের আলোকে সামুলা চরিত্রের বিশেষত্ব আলোচনা করো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

(ক) বিদ্যাপতি কোন কোন ভাষায় সাহিত্য রচনা করেন?

(খ) 'সোনার বরণ হইল শ্যাম। সোঙরি সোঙরি তোহারি নাম।।' — ছত্র দুটির সংক্ষিপ্ত অর্থ লেখো।

(গ) চন্দ্রাণীর সখীদের নাম লেখো।

(ঘ) দৌলত কাজী কেন 'লোরচন্দ্রাণী ও সতীময়না' রচনা করেন?

(ঙ) কলিঙ্গা ও কানড়ার পিতৃ রাজ্যের নাম লেখো।

(চ) হরিহর বাইতি কে?

---

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার: ৪ , কোর্স: ১

বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য

সময়: ৩ ঘণ্টা | পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। প্রাচীন ভারতীয় লিপির বিবর্তন প্রসঙ্গে বাংলা লিপির উদ্ভবের ইতিহাস পর্যালোচনা করো। ১০

২। বাংলা পুথি সংগ্রহের ইতিহাসে বঙ্গীয় সাহিত্য পরিষদের ভূমিকার মূল্যায়ন করো। ১০

৩। পুথি সংরক্ষণের প্রাচীন ও আধুনিক পদ্ধতি বিষয়ে আলোকপাত করো। ১০

একক ২

৪। পুথিপাঠের ক্ষেত্রে পুষ্পিকার গুরুত্ব আলোচনা করো। ১০

৫। "অতঃপর কহী সুন সন বিবরণ।
গোপালেতে পীষ্ঠে অম্বর সোভন।।
দক্ষিণেতে গ্রহ করিয়া সাজন।
সিংহ রাষ্যে পুথি সাঙ্গ শুন সর্ব্বজন।।
রুদ্রান্তক রোজ হৈল কি বলিব আর।
কুহান্তক্ হৈয়া প্রতিপদ সার।।"- উদ্ধৃতিটি বিশ্লেষণ প্রসঙ্গে পুথি রচনার কাল নির্দেশ করো। ১০

৬। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত 'লোরচন্দ্রাণী ও সতীময়না'-র সম্পাদনা বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ১০

একক ৩

৭। সহজিয়া বৌদ্ধ ধর্ম ও দর্শনের মূল লক্ষ্যগুলি সংক্ষেপে বিবৃত করো। ১০

৮। গৌড়ীয় বৈষ্ণবসাধনায় কৃষ্ণভক্তির স্বরূপ বিশ্লেষণ করো। ১০

৯। শাক্ত ধর্মের সাধনতত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২x৫=১০

(ক) খরোষ্ঠী লিপি বলতে কী বোঝ?

(খ) পুথির কালি প্রস্তুতের উপাদান কী কী?

(গ) বাংলা পুথিতে ব্যবহৃত চারটি অব্দের নাম লেখো।

(ঘ) পঞ্চানন মণ্ডল সংগৃহীত দুটি বাংলা পুথির নাম লেখো।

(ঙ) 'নবরসিক'- এর অর্থ কী?

(চ) 'অষ্টসিদ্ধি' কী কী?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ

সেমেস্টার : ৪ কোর্স : ২

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। পাদাকুলক ছন্দের বৈশিষ্ট্য লেখো। চর্যাপদে এই ছন্দের প্রভাব কীভাবে পড়েছে দেখাও। ৪+৬=১০

২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বিভিন্ন রূপের ছন্দ-পঙ্‌ক্তি কীভাবে নির্মিত হয়েছে, দৃষ্টান্ত-সহ তার পরিচয় দাও। ১০

৩। বৈষ্ণব পদে পর্ববৈচিত্র্য সৃষ্টির ক্ষেত্রে বৈষ্ণব পদকর্তাগণের কৃতিত্বের পরিচয় দাও। ১০

একক — ২

৪। কৃত্তিবাস এবং কাশীরামদাস সম্পর্কে বলেন্দ্রনাথের বক্তব্য উল্লেখ করে তাঁর কথা তুমি কতখানি সমর্থনযোগ্য বলে মনে করো তা নিজের ভাষায় লেখো। ১০

৫। ভারতচন্দ্র এবং রামপ্রসাদ রচিত অন্নদামঙ্গল বিষয়ে বলেন্দ্রনাথের অভিমত পরিস্ফুট করো। ১০

৬। রবীন্দ্রনাথের মহাভারত-চর্চা সম্বন্ধে সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

একক — ৩

৭। কাশীদাসী মহাভারতের প্রথম চার পর্বের অনুসরণে কবির কৃষ্ণ-ভক্তির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৮। কাশীদাসী মহাভারতের 'বনপর্ব'-এ নল-দময়ন্তী উপাখ্যান বর্ণনার গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

৯। কাশীদাসী মহাভারতের প্রথম চার পর্বের শিল্প মূল্য বিচার করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫X২=১০

(ক) মালঝাঁপ পয়ার কাকে বলে? উদাহরণ দাও।

(খ) চৌতিশা কী?

(গ) বসন্তরায় সম্পর্কে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি অতি সংক্ষেপে জানাও।

(ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস রচনার সময় রঙ্গলাল কোন্ কোন্ কবির উল্লেখ করেছেন?

(চ) যুধিষ্ঠিরের দ্যূতক্রীড়ার পরিণাম কী হয়েছিল?

(ছ) অজ্ঞাতবাস কালে পঞ্চ পাণ্ডব ও দ্রৌপদীর কী কী নাম ছিল?

—

স্নাতকোত্তর পরীক্ষা — ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ৩

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ

সময় : ০৩ ঘণ্টা পূর্ণ মান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। 'মাথুর পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতি অদ্বিতীয়।' — পাঠ্য পদ অবলম্বনে এই মন্তব্যের সারবত্তা বিচার করো। ১০

২। আক্ষেপানুরাগের পদ রচনায় রাধাভাবিত চণ্ডীদাসের পরিচয় দাও। ১০

৩। দ্বিজ চণ্ডীদাস ভণিতাযুক্ত পূর্বরাগের একটি পদের রসসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

একক - ২

৪। 'রোসঙ্গ রাজস্তুতি' আলোচনা প্রসঙ্গে 'লোরচন্দ্রাণী ও সতীময়না' কাব্যে কবির অসাম্প্রদায়িক মনোভাবের পরিচয় দাও। ১০

৫। "মুড় শ্বামি সঙ্গে কৃয়া সহস্র জঞ্জাল।
একাকিনী সময় গোঁআই সেই ভাল।।"— এই মন্তব্যের আলোকে চন্দ্রাণী ও বামনের পারস্পরিক সম্পর্ক আলোচনা করো। ১০

৬। "এক তিল ষুখ লাগি জর্ন্মান্তের পাপ।"— এই উক্তির প্রেক্ষিতে বক্তার চরিত্র আলোচনা করো। ১০

একক -৩

৭। রূপরাম চক্রবর্তী রচিত 'শ্রীধর্ম্মমঙ্গল' কাব্যের 'আত্মকাহিনী' অংশটির সামাজিক ও সাংস্কৃতিক মূল্য বিচার করো। ১০

৮। 'ধর্মমঙ্গল কাব্যে নারীবীরত্বের জয়গাথা যথার্থ বীররসের সঞ্চার করেছে।' — রূপরাম চক্রবর্তীর 'শ্রীধর্ম্মমঙ্গল' কাব্য অবলম্বনে তোমার অভিমত দাও। ১০

৯। ধর্মমঙ্গল কাব্যের কাহিনিগঠনে রূপরাম চক্রবর্তীর কৃতিত্বের পরিচয় দাও। ১০

**১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

(ক) বিদ্যাপতির পৃষ্ঠপোষক দু'জন রাজার নাম লেখো। (খ) চণ্ডীদাস রচিত 'আত্মনিবেদন' পর্যায়ের দুটি বৈশিষ্ট্য লেখো।

(গ) মালিনী কেন ময়নার কাছে গিয়েছিল? (ঘ) দৌলত কাজী কার অনুরোধে কবে কাব্যরচনা করেছিলেন?

(ঙ) সুরীক্ষা ও নয়ানী কোন কাব্যের কোন পালার চরিত্র? (চ) লাউসেনের চার পত্নীর নাম কী?

-------------